অজানাকে জানতে বই পড়ার কোন বিকল্প নেই— রোকসানা মিতা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় ৩ জন গুনী ব্যক্তিত্ব কে সম্মাননা স্বারক প্রদান করেছে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতি।

এবারের অমর একুশে বই মেলায় লেখক ও চিকিৎসক জাহাঙ্গীর আলম বিশ্বাসের লেখা দুটি বই প্রকাশিত হয়েছে। বই দুটির মধ্যে “কোকেন কান্ডে কিংস কাইন্ড”সারা বাংলাদেশের মধ্যে ৪র্থ স্থান অধিকার পাওয়ায় তাকে সম্মানা স্বারক ও সংবর্ধনা দেওয়া হয়েছে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে।

আজ বুধবার বিকালে দর্শনা প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

তিনি বলেন, বই জ্ঞানের প্রতীক,বই আলোর প্রতীক, জানতে হলে বই পড়তে হবে। যে যত বেশী বই পড়বে, সে তত বেশী জ্ঞান অর্জন করবে। অজানাকে জানতে বই পড়ার কোন বিকল্প নেই। সুশিল সমাজ গঠনে বেশী বেশী সাহিত্য চর্চা করতে হবে। সাহিত্যকে ছড়িয়ে দিতে হবে সকলের হৃদয়ে। একটি কথা মনে রাখতে হবে কলূষমুক্ত সমাজ গঠনে সাহিত্যের ভূমিকা অপরিসীহিম।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন সাংবাদিক ইমতিয়াজ রয়েল। পরে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে অতিথিদের ফুলেল শুভেচ্ছা দেওয়া হয়। শুভেচ্ছা শেষে অমর ২১ শে বই মেলায় প্রকাশিত অনুসন্ধানি মূলক “কোকেন কান্ডে কিংস কাইন্ড” ও শিশুতোষ কাব্যগ্রন্থ “ভোরের পাখি” সহ

প্রকাশিত ৮টি বই একশে বই মেলায় প্রকাশিত হওয়ায় লেখক ও চিকিৎসক জাহাঙ্গীর আলম বিশ্বাসকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

স্বাগত বক্তব্য দেন সংবর্ধিত লেখক জাহাঙ্গীর আলম বিশ্বাস। দর্শনা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি সাংবাদিক হানিফ মন্ডলের উপস্থাপনায় আরো আলোচনা করেন, বীর মুক্তিযোদ্ধা মজনুর রহমান,